


সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঢাকার মিরপুরস্থ ১৫ নং সেকশনে (জয়নগর) ৫২০ টি ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের ১৪ তলা বিশিষ্ট ভবনে ১৫০০ বর্গফুট আয়তনের অবরাদ্দকৃত ২৫ টি (কম/বেশী) ফ্ল্যাট বরাদ্দের

# প্রসপেক্টাস ও আবেদনপত্র


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

# লোকেশন ম্যাপ




# প্রজেক্ট লে-আউট প্ল্যান



# সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঢাকার মিরপুরস্থ ১৫ নং সেকশনে (জয়নগর) ৫২০ টি ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের ১৪ তলা বিশিষ্ট ভবনে ১৫০০ বর্গফুট আয়তনের অবরাদ্দকৃত ২৫ টি (কম/বেশী) ফ্ল্যাট বরাদ্দের

## প্রসপেক্টাস

### ১.০ আবেদনকারীর যোগ্যতা :

১.১ সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্টানের "কর্মকর্তা" হিসেবে স্থায়ী পদে কর্মরত বাংলাদেশের নাগরিক।

১.২ আবেদনকারী যদি নিজ নামে, স্ত্রী/স্বামী (কর্মজীবি স্ত্রী/স্বামীর ক্ষেত্র ব্যতীত)/সন্তান/পোষ্য এর নাম ইতোপূর্বে গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ)/ অন্য কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগরীর যে কোন স্থানে প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য দরখাস্ত করার যোগ্য হবেন না। ইতোপূর্বে বরাদ্দপ্রাপ্ত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর করে থাকলেও তিনি প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমানিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

১.৩ সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত হিসাবে আছেন বা ওএসডি অবস্থায় আছেন তারা আবেদন করতে পারবেন।

১.৪ পিআরএল এ থাকা কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।

১.৫ চুক্তিভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণ আবেদনের যোগ্য হবেন না।

১.৬ সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা বর্তমানে প্রেষণে কর্মরত আছেন অথবা বিদেশে কর্মরত আছেন তারা আবেদন করতে পারবেন। বিদেশে কর্মরত আবেদনকারীগণ ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C. No 0211-130000300 হিসাবে SWIFT Code BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জমা প্রদানক্রমে যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পেতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল অথবা ফ্যাক্সযোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh, Phone-02-9562762, e-mail: chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হবে। তবে এক্ষেত্রে ডাক মাশুলের খরচ আবেনদকারীকে বহন করতে হবে। ডাকযোগে প্রসপেক্টাস এর হার্ডকপি সংগ্রহ করতে না পারলে কর্তৃপক্ষের Website (www.nha.gov.bd) হতে Download করে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। শুধুমাত্র বিদেশে কর্মরত কর্মকর্তার ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।

১.৭ আবেদনকারীর বয়স **৩১.০৩.২০২১** খ্রিঃ তারিখে নূন্যতম ২৫ বছর হতে হবে।

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল :

২.১ ওয়ান ব্যাংক লিমিটেড, রিং রোড শাখা, শ্যামলী, ঢাকা এর তত্ত্বাবধানে নিম্নলিখিত শাখা সমূহ হতে ব্যাংক চলাকালীন সময়ে ১.০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় এবং আবেদনপত্র দাখিল করা যাবে:

| ক্র. নং | জেলা/বিভাগ | শাখার নাম | ঠিকানা |
|---|---|---|---|
| ১। | ঢাকা | গৃহায়ন ভবন উপ শাখা | ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ |
| ২। | ঢাকা | রিং রোড শাখা | শম্পা সুপার মার্কেট, ৬/৭ আদর্শ ছায়ানীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা। |
| ৩। | ঢাকা | মিরপুর শাখা | আরএসএইচ টাওয়ার, প্লট নং-২৩, রোড নং-৩, ব্লক-এ, সেকশন- ১১, মিরপুর, ঢাকা। |
| ৪। | রাজশাহী | রাজশাহী শাখা | ৮৮-৯১, স্টেশন রোড, রানীবাজার, বোয়ালিয়া, রাজশাহী। |
| ৫। | বগুড়া | বগুড়া শাখা | ৭৩৯/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া। |
| ৬। | রংপুর | রংপুর শাখা | শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, গুপ্তপাড়া, রংপুর। |
| ৭। | বরিশাল | বরিশাল শাখা | কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল। |
| ৮। | খুলনা | খুলনা শাখা | জে কে টাওয়ার, ৭৯ যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা। |
| ৯। | চট্টগ্রাম | সিডিএ এভিনিউ শাখা | এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম। |
| ১০। | সিলেট | সিলেট শাখা | ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাট্টা, সিলেট। |
| ১১। | কুমিল্লা | কুমিল্লা শাখা | হোল্ডিং ৩৪৯,শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা। |
| ১২। | নোয়াখালী | মাইজদী কোর্ট শাখা | মাইজদী পৌর সুপার মার্কেট,মেইন রোড মাইজদী কোর্ট ওয়ার্ড নং- ০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী। |
| ১৩। | যশোর | যশোর শাখা | এম এস অর্কিড সেন্টার, ৪৪ এম কে রোড, যশোর। |
| ১৪। | কুষ্টিয়া | কুষ্টিয়া শাখা | খুশি প্লাজা, ২৫৮ এন এস রোড কুষ্টিয়া সদর, কুষ্টিয়া। |
| ১৫। | ফরিদপুর | ফরিদপুর শাখা | লাম শাহাজাদী টাওয়ার, ২১৩ আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর। |



২.২ বিদেশে কর্মরত কর্মকর্তাগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট www.nha.gov.bd হতে সরাসরি প্রসপেক্টাস ও আবেদনপত্র ডাইনলোড করতে পারবেন। এক্ষেত্রে প্রসপেক্টাস ও আবেদনপত্র বাবদ AC No-0211-130000300 হিসাবে SWIFT Code BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে প্রসপেক্টাস ও আবেদনপত্র বাবদ ১,০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা সহ সর্বমোট ২,০১,০০০/-(দুই লক্ষ এক হাজার) টাকা বা সমপরিমান টাকা পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে জমা প্রদান করতে হবে।

২.৩ আগ্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত আবেদনপত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমোদিত ওয়ান ব্যাংক লিমিটেড এর শাখায় জমা দিতে হবে।

২.৪ আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাবেন তার জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) অর্থের সাথে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, ঢাকা অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে জামানতের টাকা জমা দিতে হবে।

২.৫ বিদেশে কর্মরত আবেদনকারীগণ প্রসপেক্টাস ও জামানতের অর্থ সংশ্লিষ্ট সুইফট কোডের মাধ্যমে জমাকরণের মূল রশিদ, বাংলাদেশী দুতাবাস বা সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা (পরিশিষ্ট-১ এ উল্লেখিত তথ্যাদি সম্বলিত) বিদেশে থাকার প্রমানক হিসেবে কর্মরত প্রতিষ্ঠানের প্রত্যয়ন, বয়স প্রমানের জন্য জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের ফটোকপি, কর্তৃপক্ষের ওয়েবসাইট (ww-w.nha.gov.bd) হতে ডাউনলোডকৃত পূর্ণাঙ্গ আবেদন পত্র ৩ কপি ছবি সহ কুরিয়ার বা হাতে হাতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

২.৬ যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাবেন না তাদের সম্পূর্ণ জামানতের অর্থ এবং যারা লটারীতে কৃতকার্য হলেও ফ্ল্যাট নিতে আগ্রহী নন তাদের জামানত হতে ৫% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ সরাসরি নিজ ব্যাংক একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক হলে তাদেরকে অবশ্যই আবেদনপত্রের ক্রমিক নং-১৬ এ উল্লিখিত ঘরে অনলাইন ব্যাংকিং সুবিধাযুক্ত ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা ও রাউটিং নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেনকারীর স্বাক্ষরিত আবেদন প্রাপ্তির পর জামানতের টাকা জমাপ্রদানের মূল রশিদ জমা স্বাপেক্ষে প্রাপকের হিসাবে প্রদের চেকের (Account Payee Cheque) এর মাধ্যমে তালিকা প্রকাশের পর অনাধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা এর অফিস হতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না এবং আবেদনকারী সুদ দাবী করতে পারবেন না।

## ৩.০ ফ্ল্যাটের আয়তন, মূল্য, সংখ্যা এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর সংক্রান্ত:

৩.১ প্রতিটি ফ্ল্যাট এর আয়তন ১৫০০ বর্গফুট (গ্রস) এবং ১২৫০ বর্গফুট (নীট)।

৩.২ প্রকল্পের বরাদ্দযোগ্য অবশিষ্ট ফ্ল্যাট সংখ্যা ২৫ টি (কম/বেশী)।

৩.৩ প্রতি ফ্ল্যাটের মূল্য ৬৮,১৫,০০০/- (আটষট্টি লক্ষ পনের হাজার) টাকা মাত্র।

৩.৪ নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারনে অথবা ফ্ল্যাটের আয়তন হ্রাস/বৃদ্ধির কারনে নির্মাণ ব্যয় বৃদ্ধি পেলে উক্ত ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেতে পারে, যা ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মুল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে, অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং প্রদানকৃত সমুদয় মূল টাকার শতকরা ৫% হারে কর্তন করে অবশিষ্ট মূল টাকা ফেরত প্রদান করা হবে। কোন সুদ প্রদান করা হবে না।

৩.৫ বরাদ্দ প্রাপকের নিকট হতে ফ্ল্যাটের মূল্যের ৫০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরুপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশ্লিষ্ট অফিসের সাথে যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করে নিবেন দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষনাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকদের এবং তারা কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করবেন এবং ব্যয় বহন করবেন। তা ছাড়া সাব-স্টেশন, লিফ্ট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদি কমন সার্ভিসেস বরাদ্দ প্রাপকগণের মধ্য হতে নির্বাচিত সমিতির নিকট হস্তান্তর করা হবে এবং যাবতীয় বিল বহনসহ আনুষাঙ্গিক রক্ষণাবেক্ষন ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাতমত অবশ্যই গ্রহণ করতে হবে।

৩.৬ প্রকল্প সম্পূর্ণরূপে শেষ হওয়ার পর বরাদ্দ গ্রহিতাদের নিকট হস্তান্তরকৃত ফ্ল্যাটের পূর্ত কাজের কোন মেরামত/পরিবর্তন কর্তৃপক্ষ করতে বাধ্য থাকবে না। তবে লিফ্ট, সাব-স্টেশন ও জেনাটের বা অন্যান্য বৈদ্যুতিক/যান্ত্রিক যন্ত্রাংশ দরপত্রের শর্তানুযায়ী ওয়ারেন্টি/গ্যারান্টি সময়কাল পর্যন্ত মেরামত/পরিবর্তন করা যাবে। দরপত্রের শর্ত মোতাবেক ওয়ারেন্টি/গ্যারান্টি পিরিয়ড শেষ হওয়ার পর কর্তৃপক্ষ আর কোন মেরামত করবে না। সেক্ষেত্রে বরাদ্দ গ্রহীতাদের সমন্বয়ে গঠিত কমিটি ভবনটি পরিচালনা করবে।

৩.৭ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৩.৮ গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত ৪ (চার) লক্ষ টাকা ৪ (চার) টি ষান্মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে যা ভবন ভিত্তিক আবেদনের প্রেক্ষিতে লটারীর ভিত্তিতে বরাদ্দ করা হবে।

৩.৯ প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায়/বরাদ্দযোগ্য ফ্ল্যাট সংখ্যায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষন করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

## ৪.০ কিস্তি পরিশোধ সংক্রান্ত :

৪.১ রেডি ফ্ল্যাটের ক্ষেত্রে ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% টাকা সুদবিহীনভাবে ষান্মাসিক ০২ (দুই) টি কিস্তিতে এবং নির্মাণাধীন ফ্ল্যাটের ক্ষেত্রে ০৮ টি ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ সাপেক্ষে ফ্ল্যাট হস্তান্তর করা হবে। অবশিষ্ট ৫০% টাকা ২% সার্ভিস চার্জসহ এককালীন অথবা সর্বোচ্চ ১৬ বৎসরের মাসিক কিস্তিতে ৯% সরল সুদে পরিশোধ করতে হবে। বিদেশে কর্মরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য ফ্ল্যাটের অবশিষ্ট মূল্য ২% সর্ভিস চার্জসহ এককালীন অথবা ৯% সরল সুদে ৫ বছরের বাৎসরিক কিস্তিতে বৈদেশিক মুদ্রায় পরিশোধযে-াগ্য।

৪.২ নির্দিষ্ট সময় সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের ত্রৈমাসিক/মাসিক কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে ৩ মাসের মধ্যে অতিরিক্ত ১৩% সদুসহ কিস্তির টাকা জমা দিতে পারবেন। ৩ (তিন) মাস অতিক্রান্ত হলে ৬ (ছয়) মাসের মধ্যে অতিরিক্ত ১৬% সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারবেন। ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারন বিবেচনায় ১ (এক) বছর পর্যন্ত ১৮% সুদ দিতে হবে। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিলযোগ্য হবে এবং জমাকৃত মূল টাকার ৫% হারে কর্তন করে অবশিষ্ট মূল টাকা মূল আবেদনকারী অথবা উত্তরাধীকারীকে ফেরত প্রদান করা হবে। কোন সুদ প্রদান করা হবে না।

৪.৩ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন। অনুচ্ছেদ ৪.১ ও ৪.২ এ বর্ণিত কিস্তি ভিত্তিক/এককালীন মূল্য পরিশোধের সিডিউল বরাদ্দ পত্রের সাথে দেয়া হবে।

৪.৪ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব কর্মকর্তার ক্ষেত্রে কিস্তি পরিশোধের বিষয়টি বোর্ড সভার মাধ্যমে নিস্পত্তি করা হবে।

## ৫.০ বরাদ্দ পত্র বাতিল করণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ সংক্রান্ত :


৫.১ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্গন করলে বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাকে বিধি মোতাবেক উচ্ছেদ করা যাবে।

৫.২ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার)/বিক্রয়/হস্তান্তর/পূনঃ বরাদ্দ করতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারনে কোন কারণ দর্শানো ব্যতিত তার বরাদ্দপত্র বাতিল হবে।

৫.৩ বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পনের জন্য লিখিত আবেদন করেন, সেই ক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার (বিনাসুদে) ৫% কেটে রেখে ফ্ল্যাট সমর্পনের জন্য সম্মতি দেয়া হবে। বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত কারনে বৈধ ওয়ারিশগণ নিয়মিতভাবে কিস্তি পরিশোধ করতে বাধ্য থাকবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তার বৈধ ওয়ারিশগণের উপর বর্তাবে। তবে বৈধ ওয়ারিশগণকে মৃত্যু পরবর্তী ০১ (এক) বৎসর সময় সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।



**Typical Floor Plan**




**Plan For Flat Area : 1500 Sft ( Net Area 1250 Sft)**

## ৬.০ ফ্ল্যাট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/শর্তাবলী :

৬.১ আবেদনকারী আবেদনপত্রের ১৪ নং ক্রমিকে সুস্পষ্টভাবে অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত ক্যাটাগরী/কোটা উল্লেখ করবেন।

৬.২ কোটার হার নিম্নরূপ :

| ক্রঃ নং | ক্যাটাগরী | কোটার হার | | | ফ্ল্যাটের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১। | সরকারী কর্মকর্তা | ৬৫% = ১৬ টি (২৫ টি ফ্ল্যাটের ৬৫%) | মাননীয় বিচারপতি/ বিজ্ঞ বিচারকগণ (১০%) = ০২ টি (১৬ টি ফ্লাটের ১০%) | মহামান্য সুপ্রীমকোর্ট, হাইকোর্টের বিজ্ঞ বিচারপতি, জেলা জজ/জেলা নারী ও শিশু জজ পদমর্যাদা | ০১ টি |
| | | | | অতিঃ জেলা জজ/যুগ্ম-জেলা জজ, সিনিয়র সহকারী জজ, সহকারী জজ পদমর্যাদা | ০১ টি |
| | | | অন্যান্য সরকারী কর্মকর্তা (৯০%) = ১৪ টি (১৬ টি ফ্ল্যাটের ৯০%) | সিনিয়র সচিব/সচিব/অতিরিক্ত সচিব পদমর্যাদা | ০৫ টি |
| | | | | যুগ্ম সচিব পদমর্যাদা | ০৩ টি |
| | | | | উপ-সচিব পদমর্যাদা | ০৩ টি |
| | | | | সিনিয়র সহকারী সচিব পদমর্যাদা | ০২ টি |
| | | | | সহকারী সচিব পদমর্যাদা | ০১ টি |
| ২। | আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা | ১০.৫০% = ০৩ টি | | | ০৩ টি |
| ৩। | সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা পোষ্য কর্মকর্তা | ০৫% = ০১ টি | | | ০১ টি |
| ৪। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের জন্য সংরক্ষিত | ৭.৫০% = ০২ টি (গৃগম: ২.৫% = ০১টি জাগৃক: ০৫% = ০১টি | | | ০২ টি |
| ৫। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গণপূর্ত (২%) ও স্থাপত্য অধিদপ্তর (১%) সহ অন্যান্য সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা | ০৪% = ০১ টি | | | ০১ টি |
| ৬। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সংরক্ষিত কোটা | ৮% = ০২ টি | | | ০২ টি |
| | সর্বমোট | ১০০% = ২৫ টি | | | ২৫ টি |

৬.৩ বিচার বিভাগীয় এবং সরকারী কর্মকর্তাদের জন্য অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত কোটার হার/সংখ্যা অনুযায়ী আবেদনকারীগণের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্তগণকে বরাদ্দ প্রদান করা হবে। একই নম্বরের একাধিক আবেদনকারী থাকলে জন্ম তারিখের ভিত্তিতে বয়োজ্যেষ্ঠ আবেদনকারীগণকে বরাদ্দ প্রদান করা হবে। মহামাণ্য সুপ্রীম কোর্ট এবং হাইকোর্টের বিজ্ঞ বিচারকগণের জন্ম তারিখের জ্যেষ্ঠতার ভিত্তিতে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। ফ্ল্যাটের নম্বর লটারীর মাধ্যমে নির্ধারণ করা হবে।

৬.৪ সরকারী কর্মকর্তাদের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের বিভাজন নিম্নরুপ :

(ক) বয়স -৫৯ (সর্বোচ্চ)

(খ) বর্তমান বেতন স্কেল-৩৮ (সর্বোচ্চ)

(গ) সরকারী চাকুরীর বয়স- ৩ (সর্বোচ্চ)

(১-১০ বৎসর =১, ১১-২০ = ২, ২১-তদুর্দ্ধ =৩)

৬.৫ বেতন স্কেলের ক্ষেত্রে সরকারী প্রজ্ঞাপন অনুসরন করা হবে। ভাতা, বিশেষ ভাতা ও অন্যান্য কোন আর্থিক সুবিধা বেতন স্কেলের সাথে যোগ করা যাবে না। আবেদনকারীগণ সুস্পষ্টভাবে আবেনদপত্রে জাতীয় বেতন স্কেল উল্লেখ করবেন এবং তা প্রমাণের জন্য সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি দাখিল করবেন।

৬.৬ সরকারী কর্মকর্তাদের মধ্যে মুক্তিযোদ্ধা কোটায়/মুক্তিযোদ্ধা পোষ্য কোটর আবেদনকারীগণদের শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রদর্শিত ফ্ল্যাটের মধ্যে অনুচ্ছেদ-৬.১,৬.২,৬.৩, ও ৬.৪ বিবেচনায় ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে।

৬.৭ আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের উম্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হবে।

৬.৮ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা সংরক্ষিত কোটায় আবাসিক ফ্ল্যাট বরাদ্দের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে। এক্ষেত্রে আবেদনকারীকে চাকুরী স্থায়ী সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে।

৬.৯ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা (পদায়ন/প্রেষনে নিয়োজিত) এর ক্ষেত্রে ন্যূনতম ০১ (এক) বৎসরের চাকুরীকাল পূর্ণ হতে হবে।

৬.১০ মন্ত্রণালয়ে পদায়ন/প্রেষনে কর্মরত কর্মকর্তার চাকুরীর মেয়াদ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ০৩ (তিন) বৎসর পূর্ণ হওয়ার পর অন্যত্র বদলী হলেও মন্ত্রণালয়ের কোটায় ফ্ল্যাট বরাদ্দের সুযোগ পাবেন।

৬.১১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তার ক্ষেত্রেও চাকুরী স্থায়ী হতে হবে।

৬.১২ কোন কোটায় ফ্ল্যাটের সংখ্যা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে ফ্ল্যাট বরাদ্দ কমিটি অন্যান্য কোটায় তা সমন্বয় করবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.১৩ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ৭.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী :

৭.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৭.২ ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখা বরাদ্দ গ্রহীতাগন যৌথভাবে পালন করবেন। তারা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে একটি সমিতি গড়ে তুলবেন। আবাসিক ভবন সমুহের আনুষাঙ্গিক এবং সাধারণ সুবিধাদি ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হবে।

৭.৩ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরখাস্ত বাতিল বা গ্রহন করতে পারবেন এবং যে কোন শর্ত ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হবার পূর্বে বদল/সংশোধন করতে পারবেন। যারা ফ্ল্যাটের বরাদ্দ পাবেন তারা ৯৯ বছরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হবেন না/ মালিকানা দাবী করা যাবে না।

৭.৪ বরাদ্দকৃত দালানটি যে পরিমাণ জায়গার উপরে নির্মিত হয়েছে তার হারাহারি জায়গা অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আবেদনকারী মালিক হবেন যা ইজারা দলিলে (Lease Deed) উল্লেখ থাকবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষন করবেন।

৭.৫ বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাটগুলি আবাসিক ব্যবহার ব্যতীত অন্য কাজে ব্যবহার করা যাবে না।

৭.৬ বরাদ্দ প্রাপক কর্তৃক ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে একই ক্যাটাগরীর লোক অগ্রাধিকার পাবে। তবে এক্ষেত্রে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

৭.৭ ফ্ল্যাট বরাদ্দের তথ্য/ফলাফল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট **www.nha.gov.bd** এ প্রকাশ করা হবে

সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঢাকার মিরপুরস্থ ১৫ নং সেকশনে (জয়নগর) ৫২০ টি ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের ১৪ তলা বিশিষ্ট ভবনে ১৫০০ বর্গফুট আয়তনের অবরাদ্দকৃত ২৫ টি (কম/বেশী) ফ্ল্যাট বরাদ্দের

| আবেদনপত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

অফিস কর্তৃক পূরণ করা হবে।

# আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে): বাংলায় ..........
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ..........

২। পিতার নাম: বাংলায় ..........
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ..........

৩। মাতার নাম: বাংলায় ..........
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ..........

৪। স্বামী/স্ত্রীর নাম: বাংলায় ..........
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ..........

৫। আবেদনকারীর জন্ম তারিখ : ..........

৬। বয়স ৩১.০৩.২০২১ তারিখে বয়স : .......... বছর.......... মাস.......... দিন

৭। বর্তমান ঠিকানা : ..........
.......... মোবাইল/টেলিফোন নম্বার : ..........

৮। স্থায়ী ঠিকানা : ..........

৯। জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নং ..........

১০। পেশার বিবরণ:
(ক) অফিস/সংস্থার নাম: ..........
(খ) পদের নাম : ..........
(গ) বর্তমান বেতন স্কেল :.......... (ঘ) মূল বেতন :..........
(ঙ) চাকুরীতে যোগদানের তারিখ : ..........
(চ) বার্ষিক মোট আয় : ..........

১১। ই টি আই এন নম্বর (যদি থাকে): ..........

১২। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর : .......... তারিখ : ..........

১৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং-..........
তারিখ : .......... ব্যাংকের নাম : ..........
শাখা.......... টাকার পরিমান .......... কথায়..........

১৪। ক্যাটাগরী/কোটা : ..........
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার কার যাবে না)

১৫। হলফনামার তারিখ : ..........

১৬। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী
(ক) হিসাব নম্বর .......... (খ) রাউটিং নম্বর..........
(গ) ব্যাংকের নাম .......... (ঘ) শাখা ..........
(ঙ) SWIFT CODE (যদি থাকে) ..........

আমি ঘোষনা করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ :

..........

( বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)

আবেদনকারীর স্বাক্ষর

## ৮.০ আবেদনকারীগণকে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে :

৮.১ সঠিকভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত আবেদনপত্র।

৮.২ বাংলাদেশের যে কোন সিডিউলভূক্ত ব্যাংক হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট

৮.৩ বিদেশে কর্মরত কর্মকর্তাগণ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সমপরিমাণ ইউএস ডলার/পাউন্ড স্টার্লিং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C. No-0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDH002, BASIC BANK LIMITED (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এ জমা প্রদান করবেন এবং তার প্রমাণ-পত্র আবেদনের সাথে দাখিল করবেন।

৮.৪ ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি আবেদনপত্রে, ১ কপি হলফনামায়)।

৮.৫ আবেদনকারী তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ/ অফিস প্রধান এর নিকট হতে আবেদনকারীর পরিচিত নাম, পদবী, বয়স, মাসিক মূল বেতন এবং চাকুরীতে যোগদানের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র দাখিল করবেন (আবেদনকারী নিজে অফিস প্রধান হলে প্রত্যয়নপত্র নিজ স্বাক্ষরে দাখিল করবেন)।

৮.৬ সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি এবং চাকুরী স্থায়ী সংক্রান্ত প্রমাণক।

৮.৭ করযোগ্য আয় থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে হালকৃত আয়কর সার্টিফিকেট।

৮.৮ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/ সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮.৯ মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান/স্ত্রী উক্ত প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে যিনি মুক্তিযোদ্ধা হবেন তিনি প্রাধান্য পাবেন। প্রকাশ থাকে যে, মুক্তিযোদ্ধা আবেদনক-ারী সংখ্যা বেশি হলে লটারীর মাধ্যমে মুক্তিযোদ্ধার স্ত্রী/সন্তান এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে।

৮.১০ পিআরএল এ থাকা চাকুরীজীবিকে পিআরএল শুরুর নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৮.১১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) কিংবা অন্য কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগরীর যে কোন স্থানে নিজ নামে, স্ত্রী/স্বামী (কর্মজীবি স্ত্রী/স্বমীর ক্ষেত্র ব্যতীত/স্বামী/সন্তান/পোষ্য এর নামে ইতোপূর্বে কখনও কোন প্লট/ফ্ল্যাট/জমির বরাদ্দ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে বরদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-১) দাখিল করতে হবে।

৮.১২ জাতীয় পরিচয়পত্র এবং এসএসসি বা সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি।

৮.১৩ প্রসপেক্টাস ক্রয়ের মূল রশিদ/ব্যাংকে জমাকৃত প্রসপেক্টাস ক্রয় বাবদ মূল রশিদ (অনলাইনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে)।



## ৯.০ যে সকল কারনে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে :

৯.১ অসম্পূর্ণ/অস্বাক্ষরিত/অসত্য/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেনদপত্র।

৯.২ ঘষামাঝা/ফ্লুইড দেয়া আবেদনপত্র।

৯.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

৯.৪ ফটোকপিকৃত আবেনদপত্র। তবে ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য।

৯.৫ অনুচ্ছেদ-৮ এ চাহিত কাগজপত্রের কোন একটি বাদ পড়লে।

৯.৬ যদি কোন আবেদনকারী তথ্য গোপন করে আবেদন করেন এবং পরবর্তীতে তা প্রমাণিত হয় তবে বরাদ্দকৃত ফ্ল্যাট বাতিলসহ পরিশোধিত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে।

## ১০.০ ভবনের আনুষাঙ্গিক তথ্যাদি ও সুযোগ- সুবিধাদি :

১০.১ ভবনগুলো RCC Frame Structure, Stone Chips Concrete দ্বারা নির্মিত হবে এবং ACI & BNBC Code অনুসরন করা হবে।

১০.২ ভূমিকম্প ও ঝড় প্রতিরোধক হবে।

১০.৩ প্রতিটি ফ্ল্যাটের-

মেঝে: সকল কক্ষের মেঝেসমূহ এবং সিড়িঁ, লবি, কমনস্পেসসমূহ টাইলসকৃত।

দেয়াল: ১০” বা ৫” ইটের দেয়াল উভয় পাশে প্লাষ্টার করতঃ ভিতর পার্শ্বে Plastic Paint এবং বহিঃ পার্শ্বে Weather Coat Paint.

দরজা: প্রবেশ পথের দরজা Chittagong Teak Wook এবং ভিতরের দরজা Veneerd Flash Door

জানালা: থাই এ্যালুমিনিয়ামের গ্লাস দ্বারা নির্মিত স্লাইডিং জানালা।

বাথরুম: স্থানীয়ভাবে তৈরি উন্নতমানের স্যানিটারী সমগ্রী। ফ্লোর এবং দেয়ালসমূহে Local Glazed Tiles

রান্না ঘর: ফ্লোর এবং দেয়াল সমূহে Glazed Tiles, Exhaust Fan, Stainless Steel Sink.

১০.৪ বৈদ্যুতিক : সর্বাধিক ৪.০০ কিলোওয়াট, ২২০ ভোল্ট বিদ্যুৎ ব্যবহারের সুব্যবস্থা, স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Concealed conduit wiring, Earthing connection, Concealed telephone/intercom/TV/Standby Generator/Lift/Emergency Light/Fan Points এর ব্যবস্থা থাকবে।

১০.৫ অগ্নি নির্বাপক ব্যবস্থা: প্রচলিত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকবে। Emergency Fire Exit/ সিঁড়ি এবং Fire Hydrant এর ব্যবস্থা থাকবে।

১০.৬ প্রতিটি ভবনে একটি জেনারেটর সহ ২টি করে ৮ Passenger lift (15-stop, 630 kg) এবং ০১ টি করে Bed lift (15-stop, 1000 kg) সংযোজনের ব্যবস্থা রাখা হয়েছে।

১০.৭ BNBC অনুসরনে পর্যাপ্ত Open space রাখা হবে।

১০.৮ উক্ত Specification এর বাহিরে কোন কাজের চাহিদা থাকলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিজ দায়িত্বে করতে পারবেন। এ ক্ষেত্রে দালানের বহিরাকৃতি মূল নকশার কোন পরিবর্তন করা যাবে না।

## ১১.০ চুক্তিপত্র সম্পাদন :

১১.১ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে “ চুক্তিপত্র” সম্পাদন করতে হবে।

## ১২.০ ইজারা দলিল সম্পাদন ও অন্যান্য :

১২.১ ফ্ল্যাটের সমূদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে "ইজারা চুক্তি দলিল ( Lease Deed) সম্পাদন করতে হবে।

১২.২ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেট এর জন্য প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবি করতে পারবেন না।

১২.৩ প্রসপেক্টাস অনুমোদনকারী কর্তৃপক্ষে প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২.৪ এপ্রসপেক্টাসে উল্লিখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

**মোঃ দেলওয়ার হায়দার**
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোন: ০২-৯৫৬২৭৬২
ই-মেইল: chairman@nha.gov.bd

১ কপি ছবি

**পরিশিষ্ট-১**
**৩০০/- টাকার নন্-জুডিসিয়াল ষ্ট্যাম্পে**
**"হলফ নামার নমুনা"**

আমি ....................................................................................................

পিতা/স্বামী ....................................................................................................

মাতা ....................................................................................................

জন্ম তারিখ ....................................................................................................

৩১/০৩/২০২১ তারিখে বয়স.................................... বৎসর .................................... মাস ................................ দিন

পেশা ....................................................................................................

বর্তমান ঠিকানা ....................................................................................................

স্থায়ী ঠিকানা ....................................................................................................

....................................................................................................

এই মর্মে ঘোষনা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন। আরও ঘোষনা করছি যে, আমার নিজ নামে বা স্বামী/স্ত্রী (কর্মজীবী স্বামী/স্ত্রীর ক্ষেত্র ব্যতীত) স্বামী/সন্তান/পোষ্যের নামে ইতোপূর্বে গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ)/অন্য কোন সরকারী /আধাসরকারী/স্বায়ত্বশাসিত (রাজউক ও সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগরীর কোন স্থানে প্লট/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলী মেনে চলবে।

উপরোক্ত ঘোষনা সত্য ও নির্ভূল।

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন
আমি তার পরিচয়দানকারী।

নোটারী পাবলিক/প্রথম শ্রেণির ম্যাজিষ্ট্রেট
এ্যাডভোকেট

# জয়নগর আবাসিক ফ্ল্যাট প্রকল্প

**প্রসপেক্টাসের মূল্য: ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।**

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
**www. nha.gov.bd**